



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৮৩৬

তারিখ: ১ আশ্বিন ১৪২৭

১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গ্রেড/শ্রেণি নির্বিশেষে সকল কর্মকর্তার জন্য বিদ্যমান গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা অনুসরণ করা জরুরী। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর এবং প্রতিস্বাক্ষর করার ক্ষেত্রে অনুশাসনমালার বিধানসমূহ অনুসরণ করা হচ্ছে না। অনেক প্রতিষ্ঠান থেকেই সময়মতো গোপনীয় অনুবেদন অত্র অধিদপ্তরে পৌঁছাচ্ছে না। এজন্য পদোন্নতি ও চাকরি স্থায়ীকরণসহ নানাবিধ বিষয়ে কর্মকর্তাগণ ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন এবং বিভিন্ন সমস্যা ও বিলম্বের সৃষ্টি হয়।

এমতাবস্থায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক অফিসের আওতাধীন সকল কর্মকর্তার প্রয়োজনীয় কাগজপত্রসহ গোপনীয় অনুবেদন বিশেষ বাহক মারফত আগামী ২৪.০৯.২০২০ খ্রি. মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

স্মর্তব্য, এখন থেকে সরকারি বিধি অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যেই বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম প্রেরণ নিশ্চিত করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র সমূহ:

- ০১) হিসাবরক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত চাকরি বিরবণী;
- ০২) নিয়োগপত্র, আত্মীকরণ, স্থায়ীকরণ, নিয়মিতকরণ আদেশ ও যোগদানপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৩) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিভাগীয়/ফৌজদারী/দুর্নীতি মামলা সংক্রান্ত প্রত্যয়ন পত্র;
- ০৪) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক চাকরি ধারাবাহিকতা ও চাকরিকাল সন্তোষজনক প্রত্যয়ন পত্র;
- ০৫) বি,এড/সমমান পাস সনদের সত্যায়িত কপি;
- ০৬) বিগত ০৫ (পাঁচ) বছরের (২০১৫-২০১৯) বার্ষিক গোপনীয় অনুবেদন ০২ (দুই) প্রস্থ, তবে ইতোপূর্বে উল্লিখিত সময়ের মধ্যে যাদের জমা আছে, তাদের ক্ষেত্রে কেবলমাত্র প্রযোজ্য সালের বার্ষিক গোপনীয় অনুবেদন জমা দিতে হবে। --

১৬-৯-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল)

১৬



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।  
[www.shedz.gov.bd](http://www.shedz.gov.bd)



স্মারক নং: মাউশি/ঢাঅ/১৫৯১-এ

তারিখ : ১৮/০৯/২০২০

০১। জেলা শিক্ষা অফিসার (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০২। প্রধান শিক্ষক/শিক্ষিকা.....(সকল), সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা অঞ্চল, ঢাকা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।) একইসাথে ইতোপূর্বে যারা সিনিয়র শিক্ষক পদে পদোন্নতির জন্য এসিআর প্রেরণ করেছেন তাদের এসিআর প্রেরণের প্রয়োজন নাই। ২০১১ সাল থেকে প্রমোশন তালিকা প্রস্তুতির জন্য যারা এসিআর প্রেরণ করেছেন তাদেরও এসিআর প্রেরণের প্রয়োজন নাই। তবে ২০১৫ থেকে ২০১৯ পর্যন্ত কোন সনের এসিআর প্রেরণ না করে থাকলে অবশিষ্ট সেই সনের এসিআর অবশ্যই প্রেরণ করতে হবে।

০৩। সংরক্ষণ নথি।

(সাখাতে হোসেন বিশ্বাস)

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

ফোন : ৯০২৪৬২২

[dddhakamirpur@gmail.com](mailto:dddhakamirpur@gmail.com)